ভাগবত লক্ষণে বলিয়াছেন—"অর্চ্চায়ামেব হরয়ে পূজাং যঃ শ্রদ্ধয়েহতে" অর্থাৎ যে জন শ্রীহরিসন্তোষার্থে প্রতিমাতে শ্রদ্ধার সহিত পূজা করেন, সে জন কনিষ্ঠাভাগবত বলিয়া পরিচয় করায় এ স্থানে সেই মৃন্ময়ী শ্রীবিষ্ণু-প্রতিমাপূজাকারীকে গরু-গাধা বলিয়া নিন্দা করা বিরুদ্ধ হইয়া পড়ে। তাহা হইলে উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে ৪।৩৩ অধ্যায়ে প্রাচীনবর্হি মহারাজের প্রতি "যথা তরোর্মূলনিষেচনেন তৃপ্যন্তি তৎস্কন্ধভুজোপশাখা" অর্থাৎ বৃক্ষের মূলদেশে জলসিঞ্চন করিলে যেমন তাহার স্কন্ধভূজ উপশাখা পুষ্ট হয়, তেমনই শ্রীবিষ্ণুর পূজা করিলে সকল দেবতার সন্তোষ সম্পাদন করা হয়। এই শ্রীনারদবাক্য এস্থানে উল্লেখযোগ্য নহে ॥ ২৪৫ ॥

অথ মহাভাগবতসেবাসিদ্ধলক্ষণম্—তেন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যং যে চান্বদঃ সুতসুহৃদ্গৃহবিত্তদারাঃ। যে ত্বব্জনাভ ভবদীয়পদারবিন্দসৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু কৃত-প্রসঙ্গাঃ ॥ ২৪৬ ॥

পরমপ্রিয়মপি মর্ত্ত্যবপুঃ। যে চাদো বপুরনুলক্ষ্যীকৃত্য সুতাদয়ো বর্ত্তন্তে তামপি ন স্মরন্তি। কে ত ইত্যপেক্ষায়ামাহ যে ত্বিতি ॥ ৪।৯ ॥ ধ্রুবঃ শ্রীধ্রুবপ্রিয়ম্ ॥ ২৪৬ ॥

অনন্তর মহাভাগবতগণের সেবাতে যে জন সিদ্ধিলাভ করিয়াছেন—

তে ন স্মরন্ত্যতিতরাং প্রিয়মীশ মর্ত্ত্যং
যে চান্বদঃ সুতসুহৃদ্গৃহবিত্তদারাঃ।
যে ত্বব্জনাভ ভবদীয়পদারবিন্দ-
সৌগন্ধ্যলুব্ধহৃদয়েষু কৃতপ্রসঙ্গাঃ। ২৪৬।

শ্রীধ্রুব নিজ প্রাণবল্লভ শ্রীহরিকে বলিয়াছিলেন—হে কমলনাভ! যাঁহারা তোমার চরণারবিন্দসৌগন্ধ পাইবার জন্য লুব্ধচিত্ত, সেই সকল মহাভাগবতগণের প্রসঙ্গ যাঁহারা করিয়াছেন, তাঁহারা অত্যন্ত প্রিয় নিজ মর্ত্ত্যদেহকে এবং দেহ সম্বন্ধে যাহারা প্রিয় এমত পুত্রসুহৃদ্গৃহবিত্ত স্ত্রী প্রভৃতিকেও কখনও স্মরণ করেন না। ২৪৬।

বৈষ্ণবমাত্রাণাঞ্চ যথাযোগ্যমারাধনং যথা ইতিহাসসমুচ্চয়ে—তস্মাদ্ বিষ্ণুপ্রসাদায় বৈষ্ণবান্ পরিতোষয়েৎ। প্রসাদসুমুখো বিষ্ণুস্তেনৈব স্যান্ন সংশয় ইতি। ব্যতিরেকে-ণাপি পাদ্মোত্তরখণ্ডে অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্ নার্চ্চয়েৎ তু যঃ। ন স ভাগবতো জ্ঞেয় কেবলং দাম্ভিকঃ স্মৃতঃ ইতি। অত্র, সর্ব্বত্রাস্খলিতাদেশঃ সপ্তদ্বীপৈকদণ্ডধৃক্। অন্যত্র ব্রাহ্মণকুলাদন্যত্রাচ্যুতগোত্রতঃ ॥ ইতি পৃথুচরিতানুসারেণ যৎকিঞ্চিজ্জাতাবপ্যুত-মেব মন্তব্যম্। যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাদিব্যঞ্জকম্ যদন্যত্রাপি দৃশ্যেত তৎ তেনৈব বিনির্দ্দিশেদিতি নারদোক্তিদৃষ্টান্তেন বা। যথোক্তং পাদ্মে মাঘমাহাত্ম্যে—শ্বপাকমিব নেক্ষেত লোকে বিপ্রমবৈষ্ণবম্। বৈষ্ণবো বর্ণবাহ্যেঽপি পুনাতি ভুবনত্রয়ম্। ন শূদ্রা ভগবদ্ভক্তাস্তে তু ভাগবতা নরাঃ। সর্ব্ববর্ণেষু তে শূদ্রা যে ন ভক্তা জনার্দ্দনে।